

পরিকল্পন নং-১০২  
জীবন প্রত্যাশা (বোনাস সহ)

নগদ লাভের

যদি থাকে আশা,  
পলিসি নিতে পারেন  
প্রগতির “জীবন প্রত্যাশা”

মেয়াদকালীন সময়ে ব্যাংকের ন্যায় মুনাফা প্রদান করাই এই পরিকল্পটির মূখ্য উদ্দেশ্য। বর্তমানে অন্য যে সব তিন কিস্তি বীমা আছে সেগুলোতে মেয়াদান্তে প্রদত্ত কিস্তির টাকা বাদ দিয়ে হ্রাসকৃত হারে বীমা অংক দেয়া হয়। আমাদের এ পরিকল্পনে পূর্বে দুই কিস্তি টাকা দেয়ার পরও মেয়াদ শেষে লাভসহ পুরোবীমা অংক প্রদান করা হয়। এর মাধ্যমে একজন গ্রাহক তার পলিসিটি সমর্পণ না করে বা পলিসির পরিবর্তে ঋণ না নিয়েও আর্থিক উপকৃত হতে পারেন।

বৈশিষ্ট্যঃ

১। এর অধীনে একজন ১২, ১৫, ১৮, ২১, ২৪, ২৭ এবং ৩০ বছর মেয়াদী বীমা করতে পারেন।

২। মেয়াদের ১/৩ সময় অতিবাহিত হবার পর বীমাবৃতকে মোট জমাকৃত প্রিমিয়ামের উপর ১০% হারে মুনাফা প্রদান করা হবে। আবার ২/৩ সময় অতিক্রম করলে প্রথম থেকে ২/৩ সময়কালীন পর্যন্ত জমাকৃত প্রিমিয়ামের উপর আরও ১০% হারে মুনাফা দেয়া হবে। যেমন ৩৫ বছর বয়স্ক ব্যক্তির ১০ লাখ টাকার ১২ বছর মেয়াদী পলিসিতে মেয়াদের ১/৩ সময় অর্থাৎ ৪ বছর পর জমাকৃত মোট প্রিমিয়ামের উপর ১০% হারে মুনাফা হিসাবে ৩৭,৪৫২/- টাকা দেয়া হবে। আবার ২/৩ মেয়াদ উত্তীর্ণ হলে অর্থাৎ ৮ বছর পর মোট জমাকৃত প্রিমিয়ামের ১০% মুনাফা হিসাবে ৭৪,৯০৪/- টাকা দেয়া হবে মেয়াদান্তে বীমাবৃত্ত পাবেন প্রত্যাশিত মুনাফাসহ সম্পূর্ণ বীমা অংক।

৩। দুই মেয়াদে মুনাফা গ্রহণ করার পরও সম্পূর্ণ বীমাঅংকের উপর ঝুঁকি বলবৎ থাকবে। মেয়াদকালীন সময়ে বীমাবৃত্তের মৃত্যুতে মনোনীতক পাবেন মৃত্যুদিন পর্যন্ত অর্জিত মুনাফাসহ সম্পূর্ণ বীমা অংক।